

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের  
আর্থিক সহায়তা প্রদান নীতিমালা, ২০১৯

আইন অধিশাখা  
জুলাই, ২০১৯

## মুখবন্ধ

বাংলাদেশের অর্থনীতিতে মৎস্য সেক্টরের গুরুত্বপূর্ণ অবদান আছে। দেশের প্রায় ১.২৫ কোটি লোক প্রত্যক্ষ ও পরোক্ষভাবে মৎস্য উপ-খাতের উপর নির্ভরশীল। জেলে পরিবারগুলো আর্থিকভাবে সচ্ছল নয়। ফলে নৌকাসহ মাছ ধরার সরঞ্জামাদি ক্রয় করতে গিয়ে ঋণগ্রস্ত হয়ে পড়ে। তারা জীবনের ঝুঁকি নিয়ে প্রাকৃতিক দুর্যোগ উপেক্ষা করে অনেক সময় নদী ও সমুদ্রে মাছ ধরে। মাছ ধরার সময় নদী ও সমুদ্রে ঝড়-জলোচ্ছ্বাসের মতো প্রাকৃতিক দুর্যোগে নৌকা ও মাছ আহরণের সরঞ্জামাদি ডুবে যাওয়াসহ জেলেদের প্রাণহানির ঘটনা ঘটে। আবার কখনও কখনও জলদস্যু বা হিংস্র বন্যপ্রাণী ও জলজ প্রাণীর আক্রমণের শিকার হয়। ফলে আক্রান্ত ও জখমপ্রাপ্ত জেলেরা অজ্ঞানির কারণে জীবিকা অর্জনে অক্ষম হয়ে পড়ে, এমনকি মৃত্যুবরণও করে। অক্ষম জেলে ও মৃত জেলে পরিবারের আর্থিক সংগতি না থাকার কারণে তাঁরা নিঃস্ব ও জীবনযাপনে অসহায় হয়ে পড়ে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫ (ঘ) অনুচ্ছেদের আলোকে খাদ্য নিরাপত্তা ও জীবিকায়ন সচল রাখার জন্য মৎস্য অধিদপ্তরের অধীন নিবন্ধিত নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের আর্থিক সহায়তা প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করে। এ পরিপ্রেক্ষিতে 'নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের আর্থিক সহায়তা প্রদান নীতিমালা, ২০১৯' প্রণয়ন করা হয়। এ নীতিমালা সামাজিক নিরাপত্তা বেটুনি হিসাবে দারিদ্র দূরীকরণের মাধ্যমে টেকসই উন্নয়ন অর্জন ও লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে।



মোঃ রইছউল আলম মন্ডল  
সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

## সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
শিরোনাম	১
সংজ্ঞার্থ	১
উদ্দেশ্য	২
প্রযোজ্যতা	২
নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের সহায়তাপ্রাপ্তির শর্তাবলি	২
সহায়তাপ্রাপ্তির জন্য আবেদনের নিয়মাবলি ও অনুমোদন প্রক্রিয়া	৩
অনুদানের পরিমাণ ও অর্থের সংস্থান	৪
কমিটিসমূহ	৪
উপজেলা আর্থিক সহায়তা প্রদানসংক্রান্ত কমিটি	৪
জেলা আর্থিক সহায়তা প্রদানসংক্রান্ত কমিটি	৫
মেডিকেল বোর্ড	৫
উপজেলাপর্যায়ে গঠিত মেডিকেল বোর্ডের সনদ	৬
নিহত বা নিখোঁজ জেলে পরিবারের ক্ষমতাপ্রাপ্ত সদস্য বা স্থায়ীভাবে অক্ষম জেলের জন্য আর্থিক সহায়তাপ্রাপ্তির আবেদনপত্র	৭
ইউনিয়ন পরিষদ বা পৌরসভার নাম ও ঠিকানা নিহত বা নিখোঁজ জেলের প্রত্যয়নপত্র	৯

## নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের আর্থিক সহায়তা প্রদান নীতিমালা, ২০১৯

### ভূমিকা :

আমিষের উৎস, দরিদ্র জনগোষ্ঠীর জীবন-জীবিকা তথা সার্বিক গ্রামীণ অর্থনৈতিক কর্মকাণ্ডে মৎস্যখাত গুরুত্বপূর্ণ অবদান রাখিতেছে। দেশের জেলে সম্প্রদায় সমাজের সবচেয়ে দরিদ্র শ্রেণির সদস্য। মৎস্য আহরণ ব্যতীত তাহাদের জীবিকার বিকল্প কোনো উৎস নাই। এমনকি মৎস্য ধরিবার জাল ও নৌকা ক্রয়ের সামর্থ্যও অনেকের নাই। তাহারা অনেকটা দিনমজুর হিসাবে মহাজনের নৌকা ও জাল দিয়া মৎস্য আহরণ করে। যখন মৎস্য আহরণ বন্ধ থাকে তখন অর্ধাহারে অনাহারে তাহাদের দিন কাটে। জীবনের ঝুঁকি নিয়া প্রাকৃতিক দুর্যোগ উপেক্ষা করিয়া মৎস্য ধরিতে যাইতে হয়। ফলে কখনও কখনও ঝড় অথবা দুর্ঘটনায় পড়িয়া প্রাণ হারায় অথবা নিখোঁজ হয়। মৎস্য ধরিবার জন্য তাহারা যে নৌযান ব্যবহার করিয়া থাকে তাহাতে কোনো আধুনিক জীবনরক্ষাকারী সরঞ্জাম থাকে না। এমনকি প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাসও তাহারা ঠিকমতো জানতে পায় না। জীবনের ঝুঁকি নিয়া কখনও ৭ দিন বা ১৫ দিনের জন্য পরিবার ছাড়িয়া মৎস্য ধরিতে যায়। প্রাকৃতিক দুর্যোগ ব্যতিরেকেও উপকূলীয় এলাকায় মৎস্য ধরিবার নৌকায় কখনও কখনও জলদস্যুরা আক্রমণ করিয়া জেলেদের মারিয়া মৎস্য লইয়া যায়। ইহা ছাড়াও অনেক জেলে মৎস্য ধরিবার সময় সাপের ছোবলে, কুমিরের কামড়ে এবং জলজ হিংস্রপ্রাণীর আক্রমণে ও বাঘের কামড়েও মারা যায়। প্রকৃতপক্ষে, জেলে পরিবারগুলি আর্থিকভাবে সম্বল নহে। জেলেরা যখন নদীতে মৎস্য ধরিতে যায় তখন তাহার পরিবারের সদস্যরা কোনোরকমে একবেলা খাইয়া দিন কাটায় ও সঞ্চয় বলিয়া কিছু থাকে না। যখন পরিবারের একমাত্র রোজগারকারী সদস্য মৃত্যুবরণ করেন তখন তাহার পরিবার একেবারে নিঃশ্ব হইয়া যায়। মৎস্য অধিদপ্তরের অধীন 'জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান' শীর্ষক প্রকল্পের মাধ্যমে ২০১২-১৩ হইতে ২০১৬-১৭ অর্থবৎসর পর্যন্ত নিহত জেলে পরিবারকে অনুদান প্রদান করা হইয়াছে। রাজস্ব বাজেট হইতে এই আর্থিক সহায়তা অব্যাহত রাখা ও প্রকৃত জেলে পরিবারকে আর্থিক সহায়তা প্রদানের জন্য নীতিমালা প্রণয়ন করা সমীচীন।

**২.০ শিরোনাম :** এই নীতিমালা 'নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের আর্থিক সহায়তা প্রদান নীতিমালা, ২০১৯' নামে অভিহিত হইবে।

### ৩.০ সংজ্ঞার্থ :

- (৩.১) 'আবেদনপত্র' অর্থ এই নীতিমালার সহিত সংযুক্ত আর্থিক সহায়তাপ্রাপ্তির জন্য নির্ধারিত ছকে পেশকৃত আবেদন;
- (৩.২) 'জলাশয়' অর্থ সরকারি মালিকানাধীন প্রাকৃতিক কোনো উন্মুক্ত অথবা বদ্ধ জলাশয় যথা- সমুদ্র, উপকূল, নদী, হাওড়, বাঁওড়, প্লাবনভূমি, মরা নদী, বরোপিট, পুকুর, দিঘি, হ্রদ বা কৃত্রিম উপায়ে সৃষ্ট বৃহৎ কোনো জলাশয়;
- (৩.৩) 'জেলে' অর্থ মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত পরিচয়পত্রধারী জেলে, যিনি বাংলাদেশের ভৌগোলিক সীমানার মধ্যে কোনো জলাশয়ে পেশাগতভাবে জাল, অন্যান্য সরঞ্জাম এবং নৌকা কিংবা যান্ত্রিক জলযান ব্যবহারপূর্বক সারা বৎসর অথবা বৎসরের নির্দিষ্ট সময়ে মৎস্য আহরণ করিয়া জীবিকা নির্বাহ করে;

- (৩.৪) 'নিখোঁজ জেলে' অর্থ জলাশয়ে মৎস্য ধরিবার সময় ঝড়, সাইক্লোন, জলোচ্ছ্বাস, বজ্রপাতের কারণে ও জলদস্যুদের হামলায় অথবা বাঘ, হাঙর, কুমির বা হিংস্র জলজ প্রাণীর আক্রমণের ফলে ন্যূনতম ০৩ (তিন) মাস যাবৎ নিখোঁজ এবং যিনি নিবন্ধিত জেলে ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা পৌরসভার কাউন্সিলর কর্তৃক নির্ধারিত হুকে সনদপ্রাপ্ত;
- (৩.৫) 'নিহত বা নিখোঁজ প্রত্যয়নপত্র' অর্থ এই নীতিমালার সহিত সংযুক্ত নমুনা-অনুযায়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র;
- (৩.৬) 'নিহত জেলে' অর্থ জলাশয়ে মৎস্য ধরিবার সময় ঝড়, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বজ্রপাতের কারণে ও জলদস্যুদের হামলায় অথবা বাঘ, হাঙর, কুমির বা হিংস্র জলজ প্রাণীর আক্রমণে নিবন্ধিত নিহত জেলে এবং সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান বা পৌরসভার কাউন্সিলর কর্তৃক মৃত্যুর সনদপ্রাপ্ত;
- (৩.৭) 'পরিবার' অর্থ নিহত জেলের স্বামী বা স্ত্রী, পিতা-মাতা বা তাঁহার অবিবাহিত ছেলেমেয়ে;
- (৩.৮) 'মেডিকেল বোর্ড (Medical Board)' অর্থ এই নীতিমালায় সংযুক্ত নমুনা-অনুযায়ী উপজেলা পর্যায়ে গঠিত মেডিকেল বোর্ড যাহা উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা (সভাপতি) এবং মেডিকেল অফিসার (Medical officer) ও আবাসিক মেডিকেল অফিসার (Residential Medical officer) (সদস্য) সমন্বয়ে গঠিত;
- (৩.৯) 'সরকার' অর্থ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়; এবং
- (৩.১০) 'স্থায়ীভাবে অক্ষম' অর্থ জলাশয়ে মৎস্য ধরিবার সময় ঝড়, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বজ্রপাতের কারণে ও জলদস্যুদের হামলায় অথবা বাঘ, হাঙর, কুমির বা হিংস্র জলজ প্রাণীর আক্রমণে মেডিকেল বোর্ড কর্তৃক ঘোষিত স্থায়ীভাবে অক্ষম জেলে।

**৪.০ উদ্দেশ্য :** জলাশয়ে মৎস্য ধরিবার সময় ঝড়, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বজ্রপাতের কারণে ও জলদস্যুদের হামলায় অথবা বাঘ, হাঙর, কুমির বা হিংস্র জলজ প্রাণীর আক্রমণে নিবন্ধিত নিহত, নিখোঁজ অথবা স্থায়ীভাবে অক্ষম জেলেকে আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে তাৎক্ষণিক সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা ও জীবিকার ঝুঁকি হাস করা।

**৫.০ প্রযোজ্যতা :** এই নীতিমালা সমগ্র বাংলাদেশে মৎস্য আহরণকালে নিহত বা নিখোঁজ জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের জন্য প্রযোজ্য হইবে।

**৬.০ নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের সহায়তাপ্রাপ্তির শর্তাবলি :**

- ৬.১ নিহত বা নিখোঁজ বা স্থায়ীভাবে অক্ষম জেলেকে অবশ্যই মৎস্য অধিদপ্তরের অধীনে নিবন্ধিত এবং জাতীয় পরিচয়পত্রধারী হইতে হইবে;
- ৬.২ জলাশয়ে মৎস্য ধরিবার সময় ঝড়, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বজ্রপাত, নৌযান দুর্ঘটনার কারণে ও জলদস্যুদের হামলায় অথবা বাঘ, হাঙর, কুমির বা হিংস্র জলজ প্রাণীর আক্রমণে নিবন্ধিত নিহত, নিখোঁজ জেলে পরিবার অথবা স্থায়ীভাবে অক্ষম জেলে এই সহায়তা পাইবে;
- ৬.৩ মৎস্য আহরণকালে নিহত বা নিখোঁজ জেলের মৃত্যুর বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার বা সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মৃত্যুসনদ অথবা নিখোঁজ প্রত্যয়নপত্র থাকিতে হইবে;

- ৬.৪ স্থায়ীভাবে অক্ষমতার সপক্ষে আবেদনে সংযুক্ত ছকে মেডিকেল বোর্ডের সনদপত্র; এবং
- ৬.৫ নিহত বা নিখোঁজ জেলে পরিবারের ক্ষমতাপ্রাপ্ত বা স্থায়ীভাবে অক্ষম হওয়া জেলেকে অনূর্ধ্ব ০৩ মাসের মধ্যে স্থানীয় উপজেলা মৎস্য অফিসে আবেদন করিতে হইবে।

#### ৭.০ সহায়তাপ্রাপ্তির জন্য আবেদনের নিয়মাবলি ও অনুমোদন প্রক্রিয়া :

- ৭.১ সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে জেলা মৎস্য কর্মকর্তার বরাবরে এবং সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কর্মকর্তা বরাবর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত উত্তরাধিকারিগণের মধ্য হইতে ক্ষমতাপ্রাপ্ত সদস্য বা স্থায়ীভাবে অক্ষম জেলেকে নির্ধারিত ছকে আবেদন করিতে হইবে;
- ৭.২ আবেদনের সহিত স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নিহত জেলের মৃত্যুসনদ, নিখোঁজ জেলের প্রত্যয়নপত্র এবং স্থায়ীভাবে অক্ষমতার সপক্ষে মেডিকেল বোর্ড কর্তৃক সনদ প্রদান করিতে হইবে;
- ৭.৩ জলদস্যুদের দ্বারা নিহত বা নিখোঁজ হইলে পরিবারকে স্থানীয় থানায় সাধারণ ডায়েরি (General diary) করিয়া তাহার অনুলিপি আবেদনের সহিত পেশ করিতে হইবে;
- ৭.৪ জেলে পরিচয়পত্র ও জাতীয় পরিচয়পত্রের প্রতিলিপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে;
- ৭.৫ আবেদনপত্রের বিষয়ে উপজেলা আর্থিক সহায়তা প্রদানসংক্রান্ত কমিটির সভায় উপস্থাপন ও সুপারিশ সহকারে আবেদনপ্রাপ্তির অনূর্ধ্ব ১৫ (পনেরো) দিনের মধ্যে জেলা আর্থিক সহায়তা প্রদানসংক্রান্ত কমিটির নিকট প্রেরণ করিতে হইবে;
- ৭.৬ উপজেলা কমিটি আবেদনপত্র প্রাপ্তির পর যথাশীঘ্র সভা আহ্বান করিয়া সুপারিশসহ জেলা কমিটির নিকট প্রেরণ করিবে;
- ৭.৭ জেলাপর্যায়ে আর্থিক সহায়তা প্রদানসংক্রান্ত কমিটি প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাইপূর্বক অনুমোদন করিবে এবং কমিটি অনূর্ধ্ব ১৫ (পনেরো) দিনের মধ্যে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরের নিকট তালিকাসহ অনুদানের চাহিদা প্রেরণ করিবে;
- ৭.৮ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর জেলা কমিটির সুপারিশকৃত তালিকা ও চাহিদা-অনুযায়ী অনূর্ধ্ব ১৫ (পনেরো) দিনের মধ্যে বাজেটে বরাদ্দ থাকা সাপেক্ষে সরাসরি উপজেলা মৎস্য কর্মকর্তার নিকট বরাদ্দ প্রদান করিবে;
- ৭.৯ সিটি কর্পোরেশনের ক্ষেত্রে জেলা মৎস্য কর্মকর্তা এবং সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা বরাদ্দপ্রাপ্তির পর অনূর্ধ্ব ১৫ (পনেরো) দিনের মধ্যে অনুমোদিত আবেদনকারীর অনুকূলে চেক হস্তান্তর করিবে; এবং

৭.১০ জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা স্থায়ীভাবে অক্ষম জেলে হিসাবে আর্থিক সহায়তাপ্রাপ্তির আবেদনসমূহ উহা গ্রহণের অনূর্ধ্ব ১৫ (পনেরো) দিনের মধ্যে মেডিকেল বোর্ডের নিকট প্রেরণ করিবেন এবং বোর্ডের অনুরোধের পরিপ্রেক্ষিতে আবেদনকারীকে মেডিকেল বোর্ডে সশরীরে উপস্থিত করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

## ৮.০ অনুদানের পরিমাণ ও অর্থের সংস্থান :

- ৮.১ মৎস্য অধিদপ্তরের বার্ষিক রাজস্ব বাজেটে অনুদানখাতে প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান রাখিবে;
- ৮.২ জলাশয়ে মৎস্য ধরিবার সময় ঝড়, সাইক্লোন, জলোচ্ছ্বাস, বজ্রপাতের কারণে ও জলদস্যুদের হামলায় অথবা বাঘ, হাঙর, কুমির বা হিংস্র জলজ প্রাণীর আক্রমণে নিবন্ধিত নিহত বা নিখোঁজ জেলেকে অনধিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এককালীন আর্থিক সহায়তা প্রদান করা হইবে এবং আর্থিক সহায়তার পরিমাণ সরকার সময়ে সময়ে পুনঃনির্ধারণ করিতে পারিবে;
- ৮.৩ জলাশয়ে মৎস্য ধরিবার সময় ঝড়, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বজ্রপাতের কারণে ও জলদস্যুদের হামলায় অথবা বাঘ, হাঙর, কুমির বা হিংস্র জলজ প্রাণীর আক্রমণে নিবন্ধিত স্থায়ীভাবে অক্ষম জেলেকে অনধিক ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এককালীন আর্থিক সহায়তা প্রদান করা হইবে; এবং
- ৮.৪ আর্থিক সহায়তার পরিমাণ সরকার সময়ে সময়ে পুনঃনির্ধারণ করিতে পারিবে।

## ৯.০ কমিটিসমূহ :

### ৯.১ উপজেলা আর্থিক সহায়তা প্রদানসংক্রান্ত কমিটি :

(১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ	উপদেষ্টা
(২) উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
(৩) উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা	সদস্য
(৪) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	সদস্য
(৫) থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা	সদস্য
(৬) উপজেলা সমবায় কর্মকর্তা	সদস্য
(৭) মৎস্যজীবী প্রতিনিধি দুইজন (উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত)	সদস্য
(৮) সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তা	সদস্য-সচিব

### কমিটির কার্যপরিধি :

- (১) প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই;
- (২) কমিটি যাচাই-বাছাইয়ের উদ্দেশ্যে প্রয়োজনে সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ; এবং
- (৩) কমিটির সুপারিশ ও কার্যবিবরণী জেলা কমিটিতে প্রেরণ।

### ৯.২ জেলা আর্থিক সহায়তা প্রদানসংক্রান্ত কমিটি :

(১) জেলা প্রশাসক	সভাপতি
(২) পুলিশ সুপার	সদস্য
(৩) সিভিল সার্জন	সদস্য
(৪) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা	সদস্য
(৫) জেলা সমবায় কর্মকর্তা	সদস্য
(৬) মৎস্যজীবী সমিতির প্রতিনিধি দুইজন (জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত)	সদস্য
(৭) জেলা মৎস্য কর্মকর্তা	সদস্য-সচিব

### কমিটির কার্যপরিধি :

- (১) উপজেলা কমিটি কর্তৃক সুপারিশকৃত আবেদনসমূহ পর্যালোচনা ও অনুমোদন;
- (২) সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে প্রাপ্ত আবেদনপত্রসমূহ পর্যালোচনা ও অনুমোদন; এবং
- (৩) অনুমোদিত তালিকা ও অনুদানের চাহিদা মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরের নিকট প্রেরণ।

### ৯.৩ মেডিকেল বোর্ড (Medical Board) :

(১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা	সভাপতি
(২) আবাসিক মেডিকেল অফিসার (Residential Medical Officer), সংশ্লিষ্ট উপজেলা হাসপাতাল	সদস্য
(৩) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মনোনীত এক জন মেডিকেল অফিসার (Medical Officer)	সদস্য

### কমিটির কার্যপরিধি :

- (১) স্থায়ীভাবে অক্ষম জেলে হিসাবে আর্থিক সহায়তার জন্য আবেদনকারী আবেদন সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তার মাধ্যমে প্রাপ্ত হইলে নীতিমালায় সংযোজিত ফর্মে প্রতিবেদন পেশ;
- (২) আবেদনকারীকে সশরীরে উপস্থিত হইবার জন্য নোটিশ প্রদান;
- (৩) আবেদনকারীর শারীরিক ও মানসিক অবস্থা পর্যালোচনাপূর্বক প্রতিবেদন প্রস্তুত; এবং
- (৪) আবেদনপত্র প্রাপ্তির অনূর্ধ্ব ১৫ (পনেরো) দিনের মধ্যে প্রতিবেদন প্রদান।



## উপজেলা পর্যায়ে গঠিত মেডিকেল বোর্ডের সনদ

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে জনাব/বেগম-----

পিতা/স্বামী-----গ্রাম-----

ওয়ার্ড নম্বর-----ইউনিয়ন/পৌরসভা-----ডাকঘর-----

থানা/উপজেলা-----জেলা-----জাতীয় পরিচয়পত্র নং-----

জেলের পরিচয়পত্র নং-----কে মেডিকেল বোর্ড

কর্তৃক অদ্য-----তারিখে পরীক্ষা করা হইয়াছে। পরীক্ষায়/কাগজপত্রদৃষ্টে-----

-----কারণে তঁহার শরীরের-----

অঙ্গ ক্ষতিগ্রস্ত হওয়ায় তিনি স্থায়ীভাবে অক্ষম বা মানসিকভাবে ভারসাম্যহীন হইয়াছেন।

আবাসিক মেডিকেল অফিসার  
উপজেলা সদর হাসপাতাল  
মেডিকেল বোর্ডের  
সদস্য-সচিব  
স্বাক্ষর ও সিল

মেডিকেল অফিসার  
উপজেলা সদর হাসপাতাল  
মেডিকেল বোর্ডের  
সদস্য  
স্বাক্ষর ও সিল

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ  
কর্মকর্তা  
-----উপজেলা  
মেডিকেল বোর্ডের  
সভাপতি  
স্বাক্ষর ও সিল

নিহত বা নিখোঁজ জেলে পরিবারের ক্ষমতাপ্রাপ্ত সদস্য বা স্থায়ীভাবে অক্ষম  
জেলের জন্য আর্থিক সহায়তাপ্রাপ্তির আবেদনপত্র

ছবি

বরাবর

সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা

উপজেলা..... জেলা .....

(১) নিহত বা নিখোঁজ বা স্থায়ীভাবে অক্ষম জেলের তথ্য :

(ক) নাম :

(খ) পিতার নাম :

(গ) মাতার নাম :

(ঘ) স্বামী বা স্ত্রীর নাম :

(ঙ) জন্মতারিখ :

(চ) জাতীয় পরিচয়পত্র নম্বর :

(ছ) জেলের পরিচয়পত্র নম্বর :

(জ) ঠিকানা :

(ক) গ্রাম :

(খ) ওয়ার্ড নম্বর :

(গ) ইউনিয়ন :

(ঘ) ডাকঘর :

(ঙ) উপজেলা :

(চ) জেলা :

(২) আবেদনকারীর নাম, ঠিকানা ও মোবাইল নম্বর :

নাম	ঠিকানা	মোবাইল নম্বর

(৩) নিহত বা নিখোঁজ জেলের সহিত আবেদনকারীর সম্পর্ক :

(৪) নিহত জেলের মৃত্যুর তারিখ ও মৃত্যুর কারণ (ইউনিয়ন পরিষদ বা পৌরসভার সনদ ও সাধারণ ডায়েরি (General diary)-এর অনুলিপি সংযুক্ত করিতে হইবে) :

(৫) স্থায়ীভাবে অক্ষম জেলের অক্ষমতার তারিখ (সপক্ষে মেডিকেল বোর্ডের সনদ সংযুক্ত করিতে হইবে) :

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে উপরিউক্ত তথ্য ও দাখিলকৃত কাগজপত্র যথাযথ। অতএব, অনুগ্রহপূর্বক আমাকে নীতিমালা-অনুযায়ী ----- আর্থিক সহায়তা ----- প্রদানের জন্য আবেদন করিতেছি।

তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর বা টিপসই  
(টিপসইয়ের ক্ষেত্রে সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তার উপস্থিতিতে  
প্রদান করিতে হইবে)

**ইউনিয়ন পরিষদ বা পৌরসভার নাম ও ঠিকানা**  
**নিহত বা নিখোঁজ জেলের প্রত্যয়নপত্র**

(১) নিহত বা নিখোঁজ জেলের তথ্য

(ক) নাম :

(খ) পিতার নাম :

(গ) মাতার নাম :

(ঘ) স্বামী বা স্ত্রীর নাম :

(ঙ) জন্মতারিখ :

(চ) জাতীয় পরিচয়পত্র নম্বর :

(ছ) জেলে পরিচয়পত্র নম্বর :

(২) নিহত বা নিখোঁজ জেলের ঠিকানা :

(ক) গ্রাম :

(খ) ওয়ার্ড নং :

(গ) ইউনিয়ন বা পৌরসভা :

(ঘ) ডাকঘর :

(ঙ) উপজেলা :

(চ) জেলা :

(৩) নিহত বা নিখোঁজ হইবার তারিখ ও স্থান :

(৪) নিখোঁজের সময় তাহার জীবিত সঙ্গীদের নাম, ঠিকানা ও তাহাদের স্বাক্ষর (ন্যূনতম ২ জন) :

ক্রমিক নং	নাম ও ঠিকানা	সঙ্গীর প্রত্যয়ন (স্বাক্ষর)
১		
২		

(৫) নিহত বা নিখোঁজ হইবার বিষয়ে থানায় সাধারণ ডায়েরি (General diary)-এর অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে নিহত বা নিখোঁজ জেলের উপরিউক্ত তথ্য ও দাখিলকৃত কাগজপত্র যথাযথ।

সংযুক্তি :-----ফর্দ

তারিখ :

চেয়ারম্যান বা কাউন্সিলর  
স্বাক্ষর ও সিল